

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৭৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৪৭]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদ নির্মাণে পরস্পর সহযোগিতা করা

باب التَّعَاوُنِ فِي بِنَاءِ الْمَسْجِدِ

আরবী

الله مِنَ الْفِتَنِ. (بخارى: الله كَانِ يُحَدِّث يَوْماً حَتَّى أَتَى ذِكْرُ بِنَاءِ الْمَسْجِدِ، فَقَالَ: كُنَّا نَحْمِلُ لَبِنَةً لَبِنَةً، وَعَمَّارٌ لَبِنَتَيْنِ لَبِنَتَيْنِ، فَرَآهُ النَّبِيُّ فَيَنْفُضُ التُّرَابَ عَنْهُ، وَيَقُولُ وَيْحَ عُمَّارٍ تَقْتُلُهُ الْفِئَةُ الْبَاغِيَةُ يَدْعُوهُمْ إِلَى الْجَنَّةِ وَيَدْعُونَهُ إِلَى النَّارِ قَالَ: يَقُولُ عَمَّارٌ: أَعُوذُ بِاللَّهِ مِنَ الْفِتَنِ. (بخارى: الله

বাংলা

২৭৭) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি একদিন হাদীছ বর্ণনা করছিলেন। এ সময় তিনি মসজিদে নববীর ভিত্তি প্রস্তরের আলোচনায় এসে বললেনঃ আমরা একটি করে ইট বহন করছিলাম। আর আম্মার (রাঃ) দু'দু'টি করে ইট বহন করছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আম্মারের অবস্থা দেখে তাঁর শরীর থেকে মাটি ঝাড়তে লাগলেন এবং বললেনঃ আম্মারের জন্য আফসোস! বিদ্রোহী একটি দল তাঁকে হত্যা করবে। তিনি তাদেরকে জান্নাতের দিকে ডাকবেন আর তারা তাকে জাহান্নামের দিকে আহবান করবে। বর্ণনাকারী বলেনঃ আম্মার (রাঃ) বলতেনঃ আমি আল্লাহর কাছে ফিতনা থেকে আশ্রয় চাচ্ছি।

টিকাঃ আম্মার বিন ইয়াসির (রাঃ) পরবর্তীতে আলী (রাঃ)এর পক্ষে সিক্ফীনের যুদ্ধে অংশ গ্রহণ করে নিহত হন।

English

To co-operate in building a mosque

Narrated `Ikrima:

Ibn `Abbas said to me and to his son `Ali, "Go to Abu Sa`id and listen to what he narrates." So we went and found him in a garden looking after it. He picked up his Rida', wore it and sat down and started narrating till the topic of the construction of the mosque reached. He said, "We were carrying one



adobe at a time while `Ammar was carrying two. The Prophet (ﷺ) saw him and started removing the dust from his body and said, "May Allah be Merciful to `Ammar. He will be inviting them (i.e. his murderers, the rebellious group) to Paradise and they will invite him to Hell-fire." `Ammar said, "I seek refuge with Allah from affliction."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

𝚱 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89575

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন